

দুদকের অভিযান:

খিলক্ষেতে ভবন নির্মাণে অনিয়ম উঘাটন, ভেঙে ফেলার নির্দেশ

(অভিযানের তারিখ: ০৭ আগস্ট, ২০১৮ খ্রি:)



খিলক্ষেত এলাকার একটি প্লটে রাজউকের নকশাবহির্ভূতভাবে বাড়ি নির্মাণ হয়েছে, দুদক হটলাইন (১০৬)- এ আগত এরূপ একটি অভিযোগের প্রেক্ষিতে ঐ ভবনে অভিযান চালিয়েছে দুদক। সহকারী পরিচালক মোঃ নাজমুছায়াদাত এর নেতৃত্বে রাজউকের সহকারী অথরাইজড অফিসার সাঈদা ইসলাম- এর উপস্থিতিতে পুলিশসহ সাত সদস্যের একটি টিম আজ (০৭/০৮/২০১৮ ইং) এ অভিযানে অংশ নেয়। টিম সরেজমিনে গিয়ে পর্যবেক্ষণ করে, খিলক্ষেত থানাধীন ১৭ নং ওয়ার্ডের অন্তর্ভুক্ত নিকুঞ্জ-২ আবাসিক এলাকার রোড নম্বর- ১২ এ অবস্থিত ২১ নম্বর প্লটটিতে রাজউক কর্তৃক অনুমোদিত নক্সা বহির্ভূতভাবে বাড়ির চারপাশে ৩ ফুট করে অবৈধভাবে ছাদ সম্প্রসারণ করা হয়েছে। এতে পার্শ্ববর্তী ভবনগুলোতে শ্বাসরুদ্ধকর অবস্থার সৃষ্টি হয়েছে। দুদকের হস্তক্ষেপে আজ তাৎক্ষণিকভাবে বিধিবহির্ভূত এ নির্মাণকাজ বন্ধ হয়। বর্ধিত অংশ রাজউক কর্তৃপক্ষ কর্তৃক অতি শীঘ্রই ভেঙে ফেলা হবে মর্মে রাজউকের সহকারী অথরাইজড অফিসার সাঈদা ইসলাম দুদককে নিশ্চিত করেন। উল্লেখ্য, এর পূর্বে গত ২৬/০৭/২০১৮ তারিখে গুলশানের নিকেতন এলাকার একটি প্লটে রাজউকের নকশাবহির্ভূতভাবে ইমারত নির্মাণ কাজ বন্ধ এবং রাজউকের মাধ্যমে উচ্ছেদ করে দুদক।

এ অভিযান পরিচালনা প্রসঙ্গে এনফোর্সমেন্ট অভিযানের সমন্বয়কারী দুদকের মহাপরিচালক (প্রশাসন) মোহাম্মাদ মুনীর চৌধুরী জানান, “রাজউকের গভর্ন্যান্স এর অভাবে এক শ্রেণীর নাগরিক দুঃসাহসে আইন ভাঙছে। দুদক এসব অনিয়ম বন্ধে কঠোর ব্যবস্থা নেবে, জড়িতদের দুর্নীতিও ধরবে।”